

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

নথি নম্বর- ৮০.০০.০০০০.৪০২.১১.০২৬.১৯-১৭১

তারিখ: ০৬ শ্রাবণ, ১৪২৯  
২১ জুলাই, ২০২২

**বিজ্ঞপ্তি**

বিষয় : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, হিসাব সহকারী ও কম্পিউটার অপারেটর এর শূন্য পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক গত ২৪-০৩-২০২২ তারিখে দৈনিক সমকাল ও দৈনিক আমাদের নতুন সময় পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ কমিশন সচিবালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, হিসাব সহকারী ও কম্পিউটার অপারেটর পদের লিখিত পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে, বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে :

ক্র. নং	পদের নাম	রেজিস্ট্রেশন নম্বর	পরীক্ষার কেন্দ্র	পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার সময়
১.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩০০০০১-৩০৪০০০ = ৪০০০ জন	ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।	২৯-০৭-২০২২ শুক্রবার	বেলা ৩.০০ মিনিট হতে বেলা ৪.৩০ মিনিট পর্যন্ত
		৩০৪০০১-৩০৮০০০ = ৪০০০ জন	মাইলস্টোন কলেজ, ডিয়াবাড়ি, তুরাগ, ঢাকা-১২৩০।		
		৩০৮০০১-৩০৯৯৪০ = ১৯৪০ জন	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, নূরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।		
		৩০৯৯৪১-৩১১৬২২ = ১৬৮২ জন	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।		
২.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	২০০০০১-২০২৯৯৮ = ২৯৯৮ জন	ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।	০৫-০৮-২০২২ শুক্রবার	বেলা ৩.০০ মিনিট হতে বেলা ৪.৩০ মিনিট পর্যন্ত
৩.	হিসাব সহকারী	৫০০০০১-৫০১৯৪০ = ১৯৪০ জন	মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, নূরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।		
৪.	হিসাব সহকারী কম্পিউটার অপারেটর	৫০১৯৪১-৫০২৭৬৩ = ৮২৩ জন ১০০০০১-১০০৭১৩ = ৭১৩ জন	শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।		

**পরীক্ষার সময়সূচি ও নির্দেশাবলি**

সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
২.৩০ মি.	পরীক্ষার্থীরা নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন। পরীক্ষার্থীদেরকে উত্তরপত্র দেয়া হবে। উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ঠিকভাবে লিখতে এবং ঠিকভাবে বৃত্ত পূরণ করতে হবে। পরীক্ষার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের উপর খুলে রাখতে হবে।
৩.০০ মি.	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে।
৪.৩০ মি.	সকল পদের পরীক্ষার্থীদের পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকরা প্রশ্নপত্রসহ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকরা উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

**২.০ পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :**

ক) প্রার্থীদের স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দুরত্ব রজায় রেখে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো প্রার্থীকে মাস্ক ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

ক্রমশ/---২

- খ) প্রবেশপত্র <http://bpscs.teletalk.com.bd> এই ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। লিখিত-ব্যবহারিক-মৌখিক পরীক্ষার দিন অবশ্যই প্রবেশ পত্র সাথে আনতে হবে। কারণ যাই হোক না কেন প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
- গ) লিখিত পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শুরু হওয়ার পর কোনো প্রার্থীকে হলে প্রবেশ করতে দেয়া হবে না। কোনো পরীক্ষার্থী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবে না।
- ঘ) পরীক্ষার কক্ষে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর এবং ইলেক্ট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষেধ।
- ঙ) হাজিরা তালিকা এবং উত্তরপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্রের স্বাক্ষরের অনুরূপ হতে হবে।
- চ) পরীক্ষায় অসুদপায় অবলম্বন ও অসদাচরণ করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে। প্রয়োজন হলে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



সুব্রত কুমার দাস  
উপসচিব (প্রশাসন)

ও

সদস্য-সচিব  
বিভাগীয় নির্বাচন কমিটি